

ডিসেম্বর ২০১৬ইং

দেশের প্রথম উন্নততর লিকুইড বেইসড সাইটোলজি প্রযুক্তির উদ্বোধন

বাংলাদেশে প্রথবারের মতো চালু হলো জরায়ুমুখের ক্যান্সার নির্ণয়ে উন্নততর লিকুইড বেইসড সাইটোলজি পদ্ধতি। এ উপলক্ষে গত ২৪ ডিসেম্বর ২০১৬ইং তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের শহীদ ডা. মিলন হলে জরায়ুমুখের ক্যান্সার নির্ণয়ে উন্নততর লিকুইড বেইসড সাইটোলজি পরীক্ষা পদ্ধতি চালুর জন্যে (Launching Ceremony of Liquid Based Cytology In Cervical Cancer Diagnosis) উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। জরায়ুমুখের ক্যান্সার নির্ণয়ে এ ধরনের পরীক্ষা পদ্ধতি বাংলাদেশে এই প্রথম। প্রচলিত কনভেনশনাল মেথড থেকে এ পদ্ধতি অনেক উন্নতমানের। বঙ্গবন্ধু মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে সুলভ মূল্যে সংশ্লিষ্ট রোগীরা এ পরীক্ষাটি করতে পারবেন। ভবিষ্যতে লিকুইড বেইসড সাইটোলজি পরীক্ষা পদ্ধতির মাধ্যমে জরায়ুমুখের ক্যান্সার ছাড়াও অন্যান্য ক্যান্সারসমূহ সঠিকভাবে নির্ণয় করা যাবে। লিকুইড বেইসড সাইটোলজি ডায়াগনোসিস-এর মাধ্যমে আরো স্পষ্টভাবে ক্যান্সারের পূর্ব অবস্থা নির্ণয় করা যাবে এবং ক্যান্সার হওয়া থেকে মানুষকে রক্ষা করা যাবে।